

নিরাপদে খেলনা কিনুন



অনলাইন মার্কেটপ্লেসগুলো প্রায়শই বিদেশে অবস্থিত তৃতীয় পক্ষের বিক্রেতাদের মাধ্যমে যুক্তরাজ্যে অনিরাপদ খেলনা বিক্রির সুযোগ করে দেয়। অনলাইনে কেনাকাটা করার সময়, আপনি কার কাছ থেকে ক্রয় করছেন তা সবসময় নিশ্চিত হয়ে নেবেন এবং যুক্তরাজ্যের ঠিকানা আছে কি না দেখে নেবেন।



অনলাইন মার্কেটপ্লেসগুলোর মাধ্যমে তৃতীয়-পক্ষ বিক্রেতাদের উপর পরিচালিত একটি সমীক্ষায় ব্রিটিশ টয় অ্যান্ড হবি অ্যাসোসিয়েশন (British Toy and Hobby Association) লক্ষ্য করে যে:

88%

খেলনা, পরীক্ষা করার পরে যুক্তরাজ্যে বিক্রি বেআইনি হিসেবে পাওয়া যায়

48%

খেলনা, পরীক্ষা করার পরে শিশুদের খেলার জন্য অনিরাপদ হিসেবে পাওয়া যায়

69%

সরিয়ে নেওয়া খেলনা এখনও বিক্রি করা হচ্ছে

“অনলাইন মার্কেটপ্লেসের মাধ্যমে অনিরাপদ খেলনা বিক্রি করার ফলে যুক্তরাজ্যের শিশুরা মৃত্যু ও গুরুতর আহত হওয়ার ঝুঁকিতে রয়েছে।”

ব্রিটিশ টয় অ্যান্ড হবি অ্যাসোসিয়েশন

ঝুঁকিগুলো কী কী?

ট্রেডিং স্ট্যান্ডার্ডস দেশে বেশ কিছু অনিরাপদ খেলনা পণ্য প্রবেশ করা বন্ধ করেছে, যার মধ্যে রয়েছে:

- ★ টুথপিক গান, যা এতো জোরে ছুটে যায় যে একটি ধাতব ক্যানকে ছিঁদ্র করে ফেলতে পারে
- ★ ম্যাগনেটিক ডার্টবোর্ড, যেখানে চুম্বকটি এতোই শক্তিশালী যে তা শিশুদেরকে আহত করতে পারে
- ★ টয় স্টোরেজ বক্স, যা শ্বাসরোধ ও অগ্নিকাণ্ডের গুরুতর ঝুঁকি সৃষ্টি করে
- ★ অসংখ্য নরম খেলনা যা শ্বাসরোধ, কণ্ঠরোধ ও রাসায়নিক ঝুঁকি সৃষ্টি করে

অনলাইন থেকে বিপজ্জনক পণ্য অপসারণ করতে OPSS স্থানীয় ট্রেডিং স্ট্যান্ডার্ডসের সাথে কাজ করছে এবং শুধু 2021 সালেই, খেলনা সহ 10,000-এর বেশি অনিরাপদ পণ্য অপসারণ করে ফেলেছে।

আপনি যদি কোনো পণ্যের নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন থাকেন, তবে অনুগ্রহ করে সিটিজেনস অ্যাডভাইস কনজিউমার হেল্পলাইন (Citizens Advice Consumer Helpline)-এর (উত্তর আয়ারল্যান্ডে Consumerline বা স্কটল্যান্ডে consumeradvice.scot) মাধ্যমে আপনার লোকাল ট্রেডিং স্ট্যান্ডার্ডস (Local Trading Standards) পরিষেবার কাছে রিপোর্ট করুন।

এই ক্রিসমাসে নিরাপদে কেনাকাটা করুন
আরও জানতে gov.uk-তে 'Christmas' লিখে সার্চ করুন



Chartered Trading
Standards Institute



Office for Product
Safety & Standards